

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.১৭- ১৯৭৮

তারিখঃ ২৯-০৮-২০১৭খ্রিঃ

বিষয়ঃ- শুদ্ধাচার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি

ঃ বেগম ইয়াসমিন আফসানা
নির্বাহী পরিচালক (অর্থ)
বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

সভার তারিখ ও সময়

ঃ ২৮.০৮.২০১৭ খ্রিঃ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।

সভার স্থান

ঃ বিএসসি, কনফারেন্স রুম,
বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

সভার উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ পরিশিষ্ট “ক”।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ নওয়াব আসলাম হাবীব সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতার মান উন্নয়নের জন্য সচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি বলেন, মন্ত্রণালয়ের নির্দেশনা হচ্ছে প্রতি মাসেই সভা অনুষ্ঠিত হতে হবে এবং সেই সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নির্ধারণপূর্বক তা মন্ত্রণালয় ও কেবিনেটে পাঠাতে হবে। তিনি ২০১৭-২০১৮ সালের জন্য প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পড়ে শোনান এবং প্রতিটি বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ সালের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত চিহ্নিত অন্তরায়সমূহ ২৮/০৯/২০১৭ তারিখের মধ্যে পরিহার করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠাতে হবে।


০২। অর্থ বিভাগের সহকারী ব্যবস্থাপক বলেন, শুদ্ধাচার বিষয়ে প্রতিটি বিভাগের বিভাগীয় প্রধানগন কর্তৃক প্রতি মাসে সভা অনুষ্ঠিত হওয়া বাঞ্ছনীয়। এ ব্যাপারে সভাপতি বলেন, নৈতিকতা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বিভাগীয় প্রধানগন এখন হতে প্রতিমাসে তার অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে সভা করবেন এবং এ সংক্রান্ত একটি রিপোর্ট নৈতিকতা কমিটিতে প্রদান করবেন। পরবর্তীতে সভা অনুষ্ঠিত হওয়া সম্পর্কিত বাস্তবায়নের হার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৩। দপ্তর/সংস্থায় ই-ফাইলিং ব্যবহারের বিষয় নিয়ে আলোচনার সময় মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির ক্ষেত্রে ১৩৯ টি প্রতিষ্ঠানের মধ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের অবস্থান ১ম মাসে ছিল ৩৯ তম, ২য় মাসে ৪৬ তম এবং ৩য় মাসে ৬৬ তম। তিনি বলেন ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির হার ধীরে ধীরে নীচের দিকে নামছে তাতে করে মন্ত্রণালয়ের কাছে বিএসসি'র ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। সভাপতি ই-ফাইলিং ব্যবহারের ক্ষেত্রে কারো কোন সমস্যা হচ্ছে কিনা জানতে চাইলে দূরপ্রাচ্য ও পএউ বিভাগের সহকারী ব্যবস্থাপক বলেন ই-ফাইলিং রপ্ত করার শত চেষ্টা করেও তিনি ব্যর্থ হচ্ছেন। তিনি বলেন ঐ বিভাগে তিনি ব্যতীত অন্য কোন কর্মকর্তা ও কর্মচারী না থাকায় ই-ফাইলিং ব্যবহারে তার খুব সমস্যা হচ্ছে। সভায় অন্য সংস্থায় ওয়েভার প্রদান সংক্রান্ত বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং তা ই-ফাইলিং ও ই-মেইল এর মাধ্যমে করার ব্যাপারে সবাই একমত পোষণ করেন। এ ব্যাপারে আলোচনার সময় দূরপ্রাচ্য ও পএউ বিভাগের সহকারী ব্যবস্থাপক বলেন তার কম্পিউটার ও প্রিন্টার দীর্ঘদিন যাবৎ সমস্যা করছে এবং তা লিখিত আকারে প্রশাসন বিভাগে জানানোর পরও তা ঠিক করা হয় নি। মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব রয়েল দত্তকে বিষয়টি দেখার জন্য নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন, অ্যাকশন নির্ভর চিঠিগুলো ই-ফাইলিং এ দিতে হবে এবং ছোট ছোট কাজগুলো স্ব-উদ্যোগে নথিতে উপস্থাপন করতে হবে। তিনি বলেন মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার করতে হবে। ই-ফাইলিং এবং ইউনিকোড ব্যবহারের ক্ষেত্রে আরো প্রশিক্ষণের প্রয়োজন আছে মর্মে সভায় সকলে মতামত ব্যক্ত করেন।

০৪। মহাব্যবস্থাপক (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান সরকার যে প্রনোদনা দেয়ার অঙ্গীকার করেছেন সে বিষয়ে সভাকে অবহিত করেন এবং সে লক্ষ্যে ২০১৭-২০১৮ সালের সংশোধিত বাজেটে ৫ লক্ষ টাকা বাজেট রাখার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

০৫। সভাপতি বলেন, যার যার উপর অর্পিত দায়িত্ব সময়মত পালন করাটাই হলো সবচেয়ে বড় শুদ্ধাচার। তিনি বলেন প্রতিদিন সকালে এসে কম্পিউটারে বিএসসি নথি ওপেন করতে হবে। প্রয়োজনবোধে ছোট পরিসরে হলেও ই-ফাইলিং এর উপর পুনরায় প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি বলেন, ই-ফাইলিং ব্যবহারের ক্ষেত্রে ১৩৯ টি প্রতিষ্ঠানের মধ্যে বিএসসি যেন পিছিয়ে না থাকে সে বিষয়ে সবাইকে সচেতন হতে হবে। বিএসসি'র অধঃগতিকে পুনরায় উর্ধ্বগতির দিকে ধাবিত করতে হবে।

০৬। পরিশেষে সভাপতি সকলে মিলে একটি ন্যায়ভিত্তিক শুদ্ধাচারী এবং দুর্নীতিমুক্ত সুশীল সমাজ গঠন করবে এই আশাবাদ ব্যক্ত করে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


22.06.21
(ইয়াসমিন আফসানা)
নির্বাহী পরিচালক (অর্থ)

ও
সভাপতি


বিতরণঃ কমিটির সকল সদস্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ০১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।
- ০২। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।
- ০৩। সকল বিভাগীয় প্রধান, বিএসসি, চট্টগ্রাম/ঢাকা/খুলনা।
- ০৪। সহকারী মহাব্যবস্থাপক টু, ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।